65

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 AUG 1995 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

বিজ্ঞানে ২০টি স্থানের জন্য হাড্ডাহাড্ডি লড়াই

# এবারেও শীর্ষে আইডিয়াল স্কুল, তবে তাক লাগিয়ে দিয়েছে খিলগাঁও সরকারী বিদ্যালয়—

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর হাতেগোনা কয়েকটি নামী স্কুল এবারও এসএসসি পরীক্ষার মেধা তালিকায় তাদের একচেটিয়া আধিপত্য টিকিয়ে রেখেছে। এদের মধ্যে শীর্ষে আছে আইডিয়াল স্কুল। বিজ্ঞান ও সমাজবিজ্ঞান গ্রুপ মিলে এই স্কুলের ২৫ ছেলেমেয়ে মেধা তালিকায় স্থান করে নিয়েছে। এর পরেই রয়েছে গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, মোহাম্মদপুর প্রিপারেটরীর এন্ড গার্লস হাই স্কুল, সেন্ট যোসেফ হাই স্কুল এবং ভিকারুননিসা নূন স্কুল। বিজ্ঞানের মেধা তালিকার ২০টি স্থানের জন্য এবার লড়াই হয়েছে তীব্র। মাত্র ২০ নম্বরের ব্যবধানে এই ২০টি স্থান দখল করেছে ১২১ জন ছাত্র-ছাত্রী। কেবল ২য় ও ৩য় স্থান অধিকারীর মধ্যে ব্যবধান হচ্ছে ২ নম্বরের। এছাড়া আর প্রতিটি অবস্থানের ব্যবধান হচ্ছে মাত্র ১ নম্বর। প্রতিটি অবস্থানেই রয়েছে একাধিক ছাত্র-ছাত্রী। সর্বশেষ ২০তম স্থানে রয়েছে ১৬ ছাত্র-ছাত্রী।

খিলগাঁও সরকারী হাই স্কুল এবার সমাজবিজ্ঞানের মেধা তালিকার শীর্ষস্থান অধিকার করে তাক লাগিয়ে দিয়েছে সবাইকে।

ভিকারুননিসা নূন স্কুল এবার অন্যাবারের ন্যায় অত ভাল করতে পারেনি। তাদের স্থান দখল করেছে মোহাম্মদপুর প্রিপারেটরী এন্ড গার্লস হাই স্কুল। মেয়েরা মেধার লড়াইয়ে ছেলেদের এখনও হারিয়ে দিতে না পারলেও খুব বেশি পিছিয়ে নেই। বিজ্ঞানে যুগ্মভাবে প্রথম হয়েছে একটি মেয়ে। বিজ্ঞানের মেধা তালিকায় ১২৯ জনের মধ্যে ৪২ জন মেয়ে। সমাজবিজ্ঞান গ্রুপে মেধা তালিকায় ৩৫ জনের মধ্যে ১৭ মেয়ে; ছেলেদের প্রায় সমান সমান। এবারও রাজধানীর বাইরের জেলাগুলো থেকে মেধা তালিকার স্থান পেয়েছে খুব কম ছেলেমেয়ে। বিজ্ঞানের মেধা তালিকায় ১২১ জনের মধ্যে মাত্র ১৭ জন। দেশের বাইরে দোহা এবং জেদ্দা থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী তিন ছাত্র-ছাত্রীও মেধা তালিকায় স্থান পেয়েছে।